গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, সোমবার ১ জুন ২০১৫, ১৮ জ্যৈষ্ঠ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিশ্বের যে কোনো প্রান্তে শান্তি প্রতিষ্ঠায় প্রস্তুত বাংলাদেশ
: আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। ডিজিটাল বাংলাদেশ এখন আর স্বপ্ন নয়, বাস্তব : বাণিজ্যমন্ত্রী

৩। দশম সংসদের ষষ্ঠ বাজেট অধিবেশন আজ শুরু

৪। জনস্বার্থে ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রিতে বাধ্য করা হবে : শিল্পমন্ত্রী

৫। পাচার বাংলাদেশিদের উদ্ধারে পদক্ষেপ জানতে চেয়েছে হাইকোর্ট
: অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশ

৬। ৩৬তম বিসিএসের ৫৪২ ক্যাডারসহ ২১৮০ পদের জন্য আবেদনপত্র আহ্বান

৭। আমানতের সুদহারও কমল

৮। আইএস আদলে দেশে 'খিলাফতের' পরিকল্পনা

৯। বাজারে আসছে দুই টাকার নতুন নোট

১০। দেশের ডায়রিয়া আক্রান্ত রোগীর ২৫ শতাংশই কলেরা জীবাণুবাহী
: আইসিডিডিআরবির গবেষণায় তথ্য

চলমান পাতা/২

১। বিশ্বের যে কোনো প্রান্তে শান্তি প্রতিষ্ঠায় প্রস্তুত বাংলাদেশ
: আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী ও পুলিশ বাহিনীর সকল শান্তিরক্ষীদের বিশ্বব্যাপী শান্তিরক্ষা কার্যক্রমে দেশের ভাবমূর্তি বজায় রেখে পেশাদারিত্ব, সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের যে কোনো প্রান্তে শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশ প্রস্তুত। গতকাল ৩১ মে রোববার প্রধানমন্ত্রী নগরীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবস ২০১৫ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণদানকালে এসব কথা বলেন। দিবসটি উপলক্ষে ঢাকাস্থ জাতিসংঘ অফিসের সহায়তায় বাংলাদেশ সেনাবাহিনী ও পুলিশ বাহিনী এই অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ডিজিটাল বাংলাদেশ এখন আর স্বপ্ন নয়, বাস্তব : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ডিজিটাল বাংলাদেশ এখন আর স্বপ্ন নয় বাস্তব। ২০০৯ সালে ক্ষমতা গ্রহণ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ এবং ২০২১ সালের মধ্যে মধ্য আয়ের দেশে পরিণত করার ঘোষণা দিয়েছিলেন। আজ সেই ঘোষণা বাস্তবে রূপ নিয়েছে। হোটেল সোনারগাঁওয়ে গতকাল ৩১ মে রোববার জিএসপি অটোমেশন সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এই অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-ভোরের কাগজ (পৃ.৯,ক.৪), প্রথম আলো (পৃ.১২,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৩। দশম সংসদের ষষ্ঠ বাজেট অধিবেশন আজ শুরু

দশম সংসদের ষষ্ঠ (বাজেট) অধিবেশন বসছে আজ ১ জুন সোমবার। আগামী ৪ জুন এই অধিবেশনেই ২০১৫-১৬ অর্থবছরের বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে আজ ১ জুন সোমবার বিকেল সাড়ে ৫টায় শুরু হবে অধিবেশন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৪), নিউ এজ (শেষ পৃ.,ক.৬)।

৪। জনস্বার্থে ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রিতে বাধ্য করা হবে : শিল্পমন্ত্রী

জনস্বার্থে ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রি করতে সবাইকে বাধ্য করবে শিল্প মন্ত্রণালয়। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, শিশু ও গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য সুরক্ষায় 'ভোজ্যতেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ আইন-২০১৩' এর আওতায় কঠোর পদক্ষেপ নেওয়া হবে। এ আইন মেনে ভোজ্যতেল পরিশোধনকারী প্রতিষ্ঠানগুলোকে ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিপণন করতে হবে। জাতীয় পর্যায়ে ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেলের ব্যবহার বাড়াতে উদ্বুদ্ধকরণ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আয়োজিত এক সমাবেশে বক্তৃতাকালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.৪), ইনকিলাব (পৃ.১৮,ক.৬), জনকণ্ঠ (পৃ.৩,ক.৫)।

৫। পাচার বাংলাদেশিদের উদ্ধারে পদক্ষেপ জানতে চেয়েছে হাইকোর্ট : অগ্রগতি প্রতিবেদন দাখিলের নির্দেশ

সাগরপথে থাইল্যান্ড ও ইন্দোনেশিয়ায় পাচারের শিকার বাংলাদেশিদের উদ্ধারে সরকার কী পদক্ষেপ নিয়েছে তা জানতে চেয়েছে হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন আদালতে দাখিল করতে পররাষ্ট্র ও স্বরাষ্ট্র সচিবকে নির্দেশ দেওয়া হয়েছে। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চ গতকাল ৩১ মে রোববার এ আদেশ দেন। এছাড়া পাচারের শিকার হয়ে সাগরে ভাসমান নাগরিকদের উদ্ধারে সরকারের নিষ্ক্রিয়তাকে কেন বে-আইনি ও অসাংবিধানিক ঘোষণা এবং ২০১২ সালের মানব পাচার প্রতিরোধ আইন অনুযায়ী পাচারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কেন নির্দেশ দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। চার সপ্তাহের মধ্যে সরকারকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), সংবাদ (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

৬। ৩৬তম বিসিএসের ৫৪২ ক্যাডারসহ ২১৮০ পদের জন্য আবেদনপত্র আহ্বান

৫৪২টি সাধারণ ক্যাডারসহ দুই হাজার ১৮০টি পদে নিয়োগের লক্ষ্যে ৩৬তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। গতকাল ৩১ মে রোববার কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয। এবারও অনলাইনে আবেদন করতে হবে। আগামী ১৪ জুন সকাল ১০টা থেকে ২৩ জুলাই সন্ধ্যা ৬টা পর্যন্ত আবেদন করা যাবে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

৭। আমানতের সুদহারও কমল

সঞ্চয়পত্রের সুদহার কমার পর আমানতের সুদহার কমিয়েছে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো। সোনালী, জনতা, অগ্রণী, রূপালী ও বেসিক ব্যাংক লিমিটেড স্থায়ী আমানতের সুদহার দশমিক ৫০ শতাংশ পয়েন্ট

পর্যন্ত কমিয়েছে। আজ ১ জুন সোমবার থেকে নতুন সুদহার কার্যকর হবে। তবে ১ জুনের আগে রাখা স্থায়ী আমানতের ক্ষেত্রে নতুন সুদহার প্রযোজ্য হবে না। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৫)।

৮। আইএস আদলে দেশে 'খিলাফতের' পরিকল্পনা

আইএস (ইসলামিক স্টেট) আদলে বাংলাদেশে খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য সশস্ত্র জিহাদের পরিকল্পনার অভিযোগে আবদুল্লাহ আল গালিব নামের এক যুবককে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। ২৫ বছর বয়সী ওই যুবক 'জুনুদ আত-তাওহিদ ওআল খিলাফা' নামে সশস্ত্র জঙ্গি গ্রুপ গঠন করে সদস্য সংগ্রহ করছে বলে দাবি ডিবি পুলিশের। সূত্র-সমকাল (পৃ.১,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৯। বাজারে আসছে দুই টাকার নতুন নোট

বর্তমান অর্থসচিব মাহবুব আহমেদ স্বাক্ষরিত ২ টাকার নোট বাজারে আসছে। আজ ১ জুন সোমবার বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস থেকে এই নোট ইস্যু করা হবে। বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিস ও বাণিজ্যিক ব্যাংকগুলোর কাউন্টার থেকেও পরে নোটটি ইস্যু করা হবে বলে গতকাল ৩১ মে রোববার কেন্দ্রীয় ব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-যায়যায়দিন (পৃ.১৫, ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১)।

১০। দেশের ডায়রিয়া আক্রান্ত রোগীর ২৫ শতাংশই কলেরা জীবাণুবাহী : আইসিডিডিআরবির গবেষণায় তথ্য

দেশের অধিকাংশ হাসপাতালে কলেরা রোগীর জন্য পৃথক চিকিৎসা ব্যবস্থা নেই। জেলা ও উপজেলা পর্যায়ের চিকিৎসা প্রতিষ্ঠানগুলোতে ডায়রিয়া ও কলেরার পার্থক্য নির্ণয় করা সম্ভব হয়ে ওঠে না। ডায়রিয়ায় আক্রান্তদের প্রায় ২৫ শতাংশই কলেরার জীবাণুবাহী বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইত্তেফাক, সংবাদ, সমকাল, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস, ডেইলি সান, নিউ এজ : এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে ভবিষ্যতে আরও ভাল ফলাফলের জন্য গাইড বই ও কোচিং সেন্টার নির্ভর না হয়ে শ্রেণিকক্ষে শিক্ষার ওপর জোর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

খ. জনকণ্ঠ : মামলা জট কমাতে উচ্চ আদালতে ছুটি কমিয়ে স্বাভাবিক পর্যায়ে নিয়ে আসার ব্যাপারে প্রধান বিচারপতির মতামতের সাথে একাত্মতা প্রকাশ;

গ. সংবাদ : অর্থ পাচারের অবৈধ পন্থাগুলোর ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঘ. সমকাল : নরসিংদীর মনোহরদী উপজেলায় দুর্বৃত্তের ছোড়া এসিডে মা ও মেয়ে দগ্ধ হওয়ার জন্য দায়ীদের আইনের আওতায় এনে দ্রুত বিচার করার দাবি;

ঙ. যুগান্তর, প্রথম আলো : রাজধানীর কলাবাগানে ভূগর্ভস্থ গ্যাসের পাইপ লাইন বিস্ফোরণে একই পরিবারের সাতজন দগ্ধ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে গ্যাসলাইনের সঠিক রক্ষণাবেক্ষণ ও মেরামতের অভাব এসব দুর্ঘটনার কারণ উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

চ. ডেইলি স্টার : স্কুল বন্ধ করে শিক্ষার্থীদের দিয়ে মন্ত্রী প্রতিমন্ত্রীদের সংবর্ধনা দেওয়ার ঘটনার পুনরাবৃত্তি না হওয়ার প্রত্যাশা;

ছ. ইন্ডিপেনডেন্ট : রপ্তানি নির্ভর তৈরি পোশাক শিল্পে ট্রেড ইউনিয়ন গঠনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : দারিদ্র্য বিমোচনে সরকারিভাবে নানাবিধ কর্মসূচি গ্রহণ করে তা যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউজ টুডে : বিচার বিভাগকে সম্পূর্ণ স্বাধীন প্রতিষ্ঠান হিসেবে কাজ করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ;

ঞ. নিউ এজ : পুলিশ ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার কাস্টডিতে মৃত্যুর ঘটনার সমালোচনা করে ভিকটিমদের ন্যায় বিচার প্রাপ্তি নিশ্চিত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে হত্যা, গুম, অপহরণের মতো বর্বরতা রোধ করতে ঐক্যবদ্ধ গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'নারীর অগ্রযাত্রার সব বাধা দূর হোক' শিরোনামের নিবন্ধে ড. মো. হুমায়ুন কবীর নারীর প্রতি সহিংসতা রোধ করে নারী বান্ধব পরিবেশ সৃষ্টি করলে অর্থনীতিতে নারীর অংশগ্রহণ আরও বৃদ্ধি পাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা